


বৈধ-পথে রেমিটেন্স পাঠানোয় সৌদি প্রবাসীদের অভিনন্দন পররাষ্ট্রমন্ত্রীর

সাপ্তাহিক
deshkalus.com
# দেশকাল
বাংলা ভাষায় পুরো বিশ্ব

মঙ্গলবার
জুন ২৫, ২০২৪
বর্ষ: ১, সংখ্যা: ৩




হোয়াইট হাউসের সাবেক চিকিৎসক রনি জ্যাকসন/ইউএসএ টুডে

# বাইডেনের মাদক পরীক্ষা করার দাবি মার্কিন চিকিৎসকের

শারীরিক সক্ষমতা বৃদ্ধির জন্য মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন কোনো মাদক গ্রহণ করেছেন কিনা তা পরীক্ষা করা উচিত বলে মন্তব্য করেছেন হোয়াইট হাউসের সাবেক চিকিৎসক রনি জ্যাকসন। মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনের বিতর্কের মঞ্চে বাইডেন- ট্রাম্পের মুখোমুখি হওয়ার ঠিক আগ মুহূর্তে তার এ বক্তব্য জন্ম দিয়েছে নতুন আলোচনার। খবর দ্য টেলিগ্রাফের।

চলতি বছর ৩ নভেম্বর যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনকে ঘিরে প্রচারণায় ব্যস্ত সময় কাটাচ্ছেন দেশটির সাবেক ও বর্তমান প্রেসিডেন্ট। শুধু তাই নয়, তীব্র বাক্যবাণে একে অপরকে ঘায়েল করছেন প্রেসিডেন্ট পদপ্রার্থী জো বাইডেন ও ডোনাল্ড ট্রাম্প।

এরমধ্যেই আগামী ২৭ জুন হতে যাচ্ছে মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনের ঐতিহাসিক বিতর্কের প্রথম পর্ব। এদিন সিএনএনের আটলান্টা স্টুডিওতে দর্শক ছাড়াই বিতর্কে অংশ নেবেন ট্রাম্প ও বাইডেন। আর ১০ সেপ্টেম্বরের দ্বিতীয় বিতর্কটি আয়োজন করবে এবিসি নিউজ। বিতর্কের মঞ্চে মুখোমুখি হওয়ার আগেই বাইডেনের মাদক পরীক্ষা করা উচিত বলে মন্তব্য করেছেন হোয়াইট হাউসের সাবেক চিকিৎসক রনি জ্যাকসন।

মার্কিন প্রেসিডেন্ট কর্মক্ষমতা-বর্ধক পদার্থ গ্রহণ করতে পারেন বলে সংশয় থেকেই এমন পরামর্শ বলে নিজের অবস্থান স্পষ্ট করেন তিনি। অবশ্য, ডোনাল্ড ট্রাম্পের আমলে জ্যাকসন হোয়াইট হাউসে চিকিৎসক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

এর আগে গত মার্চে বাইডেনের স্টেট অব দ্য ইউনিয়নের ভাষণ উল্লেখ করে সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পও বাইডেনের মাদক পরীক্ষার দাবি তোলেন। তিনি বলেন, স্টেট অব দ্য ইউনিয়নের ভাষণের সময় বাইডেন যেন ঘুড়ির মতো উড়ছিলেন। তিনি বলেন, 'আমি এই ব্যক্তির সঙ্গে বিতর্কে অংশ নিতে চাই। কিন্তু তার আগে আমি তার মাদক পরীক্ষা করার দাবি করব।'

স্টেট অব দ্য ইউনিয়নের দীর্ঘ ভাষণের সময় ৮১ বছর বয়সী বাইডেন জোরে ও দ্রুত কথা বলছিলেন। ওই বক্তব্যের পর রিপাবলিকানদের ডক্টরস ককাসের কো-চেয়ার গ্রেগ মারফি

পৃষ্ঠা ২ কলাম ১

সাপ্তাহিক দেশকাল
deshkalus.com
বাংলা ভাষায় পুরো বিশ্ব




# ফিলিস্তিনি শরণার্থীদের ঘরে কোরবানির মাংস পৌঁছে দিচ্ছেন প্রবাসীরা

ফিলিস্তিনের গাজা উপত্যকার মোট বাসিন্দা ২৩ লাখ। ইসরাইলি আগ্রাসনে এর ১৭ লাখই এখন উদ্বাস্তু। যাদের বেশিরভাগই গাজা উপত্যকার বিভিন্ন শরণার্থী শিবির এবং জাতিসংঘের আশ্রয় কেন্দ্রগুলোতে আশ্রয় নিয়েছে। এর মধ্যে অন্তত ৫০ হাজার ফিলিস্তিনি শরণার্থী আশ্রয় নিয়েছেন সীমান্তবর্তী দেশ মিশরে।

ইসরাইল-হামাস যুদ্ধ শুরু হওয়ার পর থেকেই বাংলাদেশ সরকার, সাধারণ মানুষ ও বিভিন্ন দেশে বসবাসরত প্রবাসী বাংলাদেশিরা গাজায় নির্যাতিত ফিলিস্তিনি ও মিশরে আশ্রয় নেওয়া শরণার্থীদের পাশে দাঁড়িয়েছেন বিভিন্ন সহযোগিতা নিয়ে।

এবার কোরবানির ঈদে মিশরের বিখ্যাত আল-আজহার বিশ্ববিদ্যালয়ের অধ্যয়নরত বাংলাদেশি শিক্ষার্থী হুজাইফা খান আজহারীর উদ্যোগে আমেরিকাভিত্তিক প্রবাসী বাংলাদেশিদের দাতব্য সংস্থা ইলমান নাফিয়া চ্যারিটিজ হাউজের সার্বিক সহযোগিতায় রাজধানী কায়রোতে আশ্রিত ফিলিস্তিনি শরণার্থী এবং ইসরাইলিদের হামলায় আহত হয়ে কায়রো বিভিন্ন হাসপাতালে চিকিৎসারত ফিলিস্তিনিদের মাঝে ঈদের কোরবানির মাংস বিতরণ করেছে শিক্ষার্থীদের চ্যারিটি ফান্ড ওয়ার্ল্ড ওয়ান উম্মাহ ফাউন্ডেশন।

প্রবাসী বাংলাদেশিদের অনুদানে তাদের জন্য একটি উট, একটি গরু, ৬টি দুম্বা ও ৪টি খাশি ও বাংলাদেশের সাধারণ মানুষের অনুদানে হাফেজ্জি হুজুর সেবা ফাউন্ডেশনে পক্ষ থেকে একটি গরু এবং বি.এম সাবাব ফাউন্ডেশনের পক্ষ থেকে একটি গরু কোরবানি করা হয়।

এসব কোরবানির মাংসের একটি অংশ ফ্রিজিং গাড়ির মাধ্যমে ঈদের তিনদিন পর্যন্ত সংগঠনটির স্বেচ্ছাসেবীদের নিয়ে পৌঁছে দিচ্ছে কায়রোর বিভিন্ন এলাকায় বসবাসরত ফিলিস্তিনি শরণার্থী পরিবারগুলোর কাছে। অন্য একটি অংশ বিতরণ করা হয়েছে কায়রো বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে অধ্যয়নরত ফিলিস্তিনি শরণার্থীদের মাঝে।

এছাড়াও হামাস-ইসরাইল যুদ্ধে যুদ্ধাহত কায়রোর বিভিন্ন হাসপাতালে চিকিৎসারত ফিলিস্তিনিদের মাঝে রান্না করা খাবারের প্যাকেজ বিতরণ করেছে সংগঠনটি।

# স্মার্ট বাংলাদেশের যাত্রায় করণীয় নিয়ে লন্ডনে সেমিনার



ডিজিটাল থেকে স্মার্ট বাংলাদেশ অগ্রযাত্রায় করণীয় নিয়ে যুক্তরাজ্যের লন্ডনে সেমিনার করেছে 'বঙ্গবন্ধু লেখক ও সাংবাদিক ফোরাম, ইউকে'। শুক্রবার সন্ধ্যায় লন্ডন বাংলা প্রেস ক্লাব মিলনায়তনে এ আয়োজন করেন তারা। এতে মূল বক্তা ছিলেন এটুআই-এর কৌশলগত যোগাযোগ উপদেষ্টা আশফাক জামান।

আয়োজক সংগঠনের সাধারণ সম্পাদক শাহ মোস্তাফিজুর রহমান বেলালের সঞ্চালনায় সেমিনারে সভাপতিত্ব করেন লন্ডন বাংলা প্রেস ক্লাবের সাবেক সভাপতি ও 'জনমত' সম্পাদক সৈয়দ নাহাস পাশা।

আলোচক ছিলেন ব্রিজইন্ডিয়া ফাউন্ডেশনের পরিচালক প্রতীক দাতানি, ওয়েস্ট লন্ডন চেম্বার অব কমার্সের নির্বাহী পরিচালক অ্যালান রাইডস এবং ভূ-রাজনৈতিক বিশ্লেষক প্রিয়জিত দেব সরকার।

## বাইডেনের মাদক পরীক্ষা করার

প্রথম পৃষ্ঠার পর

বাইডেনের সুস্থতা নিয়ে প্রশ্ন তোলেন। এছাড়া ২০২০ সালেও ট্রাম্পের পক্ষ থেকে অভিযোগ তুলে বলা হয়, ডেমোক্র্যাটদের দলীয় নির্বাচনের সময় বাইডেনের আচরণ স্বাভাবিক ছিল না। তিনি বাইডেনের সঙ্গে বিতর্কের আগে তাই তার মাদক পরীক্ষা করার দাবি করেছিলেন। এবার জ্যাকসনের মন্তব্য ট্রাম্পের সেই দাবির পালে নতুন হাওয়া দিল।

কখনো হোঁচট খাওয়া বা কখনো সিঁড়ি দিয়ে উঠতে গিয়ে পড়ে যাওয়ায় মাঝেমধ্যেই খবরের শিরোনামে আসে ৮১ বছর বয়সী বাইডেনের শারীরিক দুর্বলতার বিষয়টি। শুধু তাই নয়, খেই হারিয়ে এক প্রেসিডেন্টের জায়গায় আরেক প্রেসিডেন্টের নামও বলতে দেখা গেছে বাইডেনকে।

# বাইটপোর ফাদার্স ডে উদযাপন



ভার্জিনিয়া সংবাদদাতা: বাংলাদেশী আমেরিকান আইটি প্রফেশনালস এসোসিয়েশন বা বাইটপো'র ফাদার্স ডে ২০২৪ উদযাপন করেছে।

ভার্জিনিয়ার উডব্রিজে বাইটপোর সভাপতি সামছুদ্দীন মাহমুদ ও কার্যকরী সদস্য স্যাম রিয়ার সার্বিক ব্যবস্থাপনায় আয়োজিত অনুষ্ঠানে কেক কেটে ফাদার্স ডে ২০২৪ উদ্বোধন করেন সাবেক মন্ত্রীপরিষদ সচিব ও বিশ্ব ব্যাংকের সাবেক নির্বাহী পরিচালক সফিকুল আলম। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন সাংবাদিক ও সাউথ এশিয়া পার্সপেকটিভসের নির্বাহী সম্পাদক মুশফিকুল ফজল আনসারী, ব্যবসায়ী নিক রোয়ান, কাজী টি ইসলাম, জাহিদ খান, কবির পাটোয়ারী, পারভীন পাটোয়ারী, হাসান চৌধুরী, তানভীর হাসান, ইঞ্জিনিয়ার মিজানর রহমান, শাহেদা আবেদীন, ইলিয়াস ভুইয়া লিটন, মাসুদ হোসেন, কামরুল ইসলাম কামাল, শামীমা সেলিমুদ্দীন, সায়েদ রহমান, তৈয়বুর হাসান, রাশেল সারা খান ও আবদুল কাইয়ুম প্রমুখ।

সার্বিক দায়িত্বে ছিলেন, সংগঠনের সাধারণ সম্পাদক হাবীবউল্লাহ ভুইয়া কচি, সহ সভাপতি সাইফুল্লাহ খালেদ, টেজারার মোহাম্মদ রশীদ ও সহ ট্রেজারার মিজানুর রহমান।

# বৈধ-পথে রেমিটেন্স পাঠানোয় সৌদি প্রবাসীদের অভিনন্দন পররাষ্ট্রমন্ত্রীর




বৈধ-পথে রেমিটেন্স পাঠিয়ে দেশের অর্থনীতিতে অবদান রাখা ও আইন মানার মাধ্যমে দেশের মর্যাদা বাড়ানোয় সৌদি আরবের প্রবাসী বাংলাদেশিদের অভিনন্দন জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ। গত বৃহস্পতিবার মদিনার স্থানীয় এক হোটেলে আয়োজিত সভায় ড. হাছান মাহমুদ বলেন, সৌদি আরবে প্রায় ৩০ লাখ বাংলাদেশি আছেন, বিশ্বের অনেক দেশের মোট জনসংখ্যা এর থেকে কম। তাই প্রবাসীরা বৈধ-পথে রেমিটেন্স পাঠালে দেশের জন্য তা বড় অবদান। এ বিষয়ে যত্নবান থাকতে হবে।

প্রবাসে শুধু অন্যের প্রতিষ্ঠানে কাজ না করে ব্যবসায়ের মালিকানা অর্জনে উৎসাহ দেন পররাষ্ট্রমন্ত্রী। পাশাপাশি তিনি বলেন, প্রত্যেক প্রবাসীই বিদেশে তার দেশের প্রতিনিধি। সে যদি অপরাধ করে, তবে তার দেশের বদনাম হয়। সে কারণে বসবাসের দেশের আইন-কানুন মেনে চলা উচিত।

# মালয়েশিয়ায় 'মুজিব: একটি জাতির রূপকার' সিনেমার প্রদর্শনী

কুয়ালালামপুরস্থ বাংলাদেশ হাইকমিশনের উদ্যোগে মালয়েশিয়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনভিত্তিক চলচ্চিত্র 'মুজিব: একটি জাতির রূপকার' এর প্রদর্শনী অনুষ্ঠিত হয়েছে। মালয়েশিয়ার প্রখ্যাত মাল্টিমিডিয়া ইউনিভার্সিটিতে (এমএমইউ) শুক্রবার সন্ধ্যায় সিনেমাটি প্রদর্শিত হয়।

মালয়েশিয়ায় নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার মো. শামীম আহসান ও তার স্ত্রী পেভোরা চৌধুরী, মালয়েশিয়ায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার বি এন রেড্ডি, মাল্টিমিডিয়া ইউনিভার্সিটির প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী অধ্যাপক দাতো ড. মাজলিহাম মো. সৌদ, পররাষ্ট্র মন্ত্রণালয়সহ মালয়েশিয়ার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, বিভিন্ন দেশের কূটনীতিক কোরের সদস্য, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, ফ্যাকাল্টি মেম্বার, স্টুডেন্ট অ্যাসোসিয়েশনের নেতারা, মালয়েশিয়ায় বাংলাদেশ কমিউনিটির নেতারা চলচ্চিত্রটি উপভোগ করেন।

প্রদর্শনী শেষে প্রবাসী বাঙালি এবং বিভিন্ন দেশের দর্শকগণ সিনেমার নির্মাণশৈলীর প্রশংসা করেন। বঙ্গবন্ধুর সংগ্রাম, দেশের প্রতি মমত্ববোধ এবং বিপথ গামীদের হাতে তার সপরিবারে মর্মান্তিক মৃত্যু দেখে দর্শকরা আবেগাপ্লুত হয়ে পড়েন।



# প্রতিষ্ঠার ৭৫ বছর পূর্তি পালন করবে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ



বাংলাদেশ আওয়ামী লীগ প্রতিষ্ঠার ৭৫ বছর পূর্তি পালন করতে যাচ্ছে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ। প্লাটিনাম জয়ন্তী উদযাপন উপলক্ষ্যে ইতিমধ্যে দলের জন্য আগামী দিনের কর্মপন্থা ঠিক করতে ।

এক সংবাদ বিজ্ঞপ্তিতে সংগঠনটি জানায়, আগামী ২৩ জুন কেন্দ্রীয় পর্যায়ে ব্যাপক ও জাঁকজমকভাবে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, টানা চতুর্থ মেয়াদ এবং মোট পঞ্চম মেয়াদে সরকার গঠন করার পর এবার ৭৫ তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন করতে যাচ্ছে বাংলাদেশ আওয়ামী লীগ। এর আগে সাংবাদিক সম্মেলনে এক প্রশ্নের জবাবে মাননীয় প্রধানমন্ত্রী প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপনের বিষয়ে কথা বলেন এরই ধারাবাহিকতায় যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ ব্যাপক কর্মসূচি হাতে নিয়েছে বিশ্বের রাজধানী নিউ ইয়র্কের জ্যাকসন হাইটসের নবান্ন পার্টির সেন্টার এলাকায় সারা দিনের জন্য। পথ শোভাযাত্রা, আলোচনা সভা, ও সাংস্কৃতিক অনুষ্ঠান কর্মসূচিতে থাকবে। বিশেষ ভাবে তুলে ধরা হবে মাননীয় প্রধানমন্ত্রীর গত চার টার্মে অভূতপূর্ব উন্নয়নের বাস্তব চিত্র ।

# বাংলাদেশ-অস্ট্রেলিয়াকে বিদায় করে সেমিফাইনালে আফগানিস্তান




টার্গেট ১১৬ রানের। তবে সেমিফাইনালে যেতে এই টার্গেট টপকাতে হবে ১২ ওভার ১ বলে। সেই লক্ষ্যে পৌঁছাতে ব্যর্থ হয় বাংলাদেশ। ১২.১ ওভার শেষে ৭ উইকেট হারিয়ে ৮৩ রান করতে সক্ষম হয় বাংলাদেশ। এরপর বৃষ্টি আইনে ১৯ ওভারে ১১৪ রানের নতুন টার্গেট পায় টাইগাররা। সেই রানও করতে পারেননি বাংলাদেশ। বৃষ্টি আইনে বাংলাদেশকে ৮ রানে হারিয়ে সেমিফাইনালে জায়গা করে নিয়েছে আফগানরা।

মঙ্গলবার (২৫ জুন) সেন্ট ভিনসেন্টে টস জিতে ব্যাট করার সিদ্ধান্ত নিয়েছেন আফগান অধিনায়ক রশিদ খান। ওপেনার রহমানুল্লাহ গুরবাজের ৫৫ বলে ৪৩ রানে ভর করে নির্ধারিত ২০ ওভারে ৫ উইকেট হারিয়ে ১১৫ রান সংগ্রহ করে আফগানিস্তান। বাংলাদেশের পক্ষে রিশাদ নেন ৩টি উইকেট

॥১১৬ রানের টার্গেটে ব্যাট করতে নেমে রানের খাতা খোলার আগেই সাজঘরে ফিরে যান তানজিদ হাসান তামিম। দলীয় ৪৮ রানের মধ্যে ৪ উইকেট হারিয়ে চাপে পড়ে বাংলাদেশ।

নাজমুল হাসান শান্ত ৫ বলে ৫, সৌম্য সরকার ১০ বলে ১০ ও রানের খাতা খোলার আগেই আউট হন সাকিব আল হাসান। তবে একপ্রান্ত আগলে রেখে ব্যাট করতে থাকেন লিটন দাস।

তবে লিটনকে সঙ্গ দিতে ব্যর্থ হন অন্য ব্যাটাররা। দ্রুতই আরও তিন উইকেট হারিয়ে ধুঁকতে থাকে বাংলাদেশ। তবে একপ্রান্ত আগলে ৪১ বলে ফিফটি তুলে নেন লিটন। লিটন একপ্রান্ত আগলে রাখলেও অন্যপ্রান্তের তাসকিন আহমেদ ও মোস্তাফিজুর রহমানকে আউট করে আফগানদের জয় নিশ্চিত করেন নাভিন উল হক। ১৭ ওভার ৫ বলে ১০৫ রানে অলআউট হয় বাংলাদেশ। ৪৯ বলে ৫৪ রানে অপরাজিত থাকেন লিটন। আফগানদের পক্ষে নাভিন ও রশিদ খান নেন ৪টি করে উইকেট।

# ব্যাগেজ রুলসে কঠোরতায় হতাশ প্রবাসীরা



বাংলাদেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রয়েছে প্রবাসীদের। সরকারি তথ্যমতে, বর্তমানে প্রায় এক কোটি ৩০ লাখের বেশি বাংলাদেশি অভিবাসী বিভিন্ন পেশায় কর্মরত। কিন্তু বাজেটে এর প্রতিফলন নেই। প্রবাসীদের জন্য ২০২৪-২৫ অর্থবছরে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের জন্য বাজেট প্রস্তাব করা হয়েছে মাত্র ১ হাজার ২১৭ কোটি টাকা। ব্যাগেজ রুলসে কঠোরতায় হতাশ প্রবাসীরা।

বরাদ্দে বরাবরই পিছিয়ে অভিবাসন খাত। কর্মী প্রশিক্ষণের জন্যও নেই আলাদা বরাদ্দ। নতুন বাজেটে পরিবর্তন হচ্ছে ব্যাগেজ বিধিমালা। বিদেশফেরত যাত্রীরা বিনা শুল্কে নতুন ফোন নিতে পারবেন না। ব্যবহৃত দুটি ফোন বিনা শুল্ক-কর পরিশোধ করে এবং একটি নতুন ফোন শুল্ক পরিশোধ করে নিতে পারবেন বিদেশফেরত যাত্রীরা।

প্রবাসীদের পাঠানো রেমিট্যান্সে দেশের রিজার্ভ দিন দিন শক্তিশালী হলেও বাৎসরিক বাজেটে প্রবাসীদের জন্য বরাদ্দের পরিমাণ খুবই কম। তাই বিদেশফেরত প্রবাসীদের পেনশন চালু, স্বাস্থ্য বীমা, বিনা খরচে প্রবাসীদের লাশ বহন, সহজ শর্তে সুদমুক্ত ঋণ প্রদানসহ বেশ কিছু জায়গায় বিশেষ বরাদ্দ রাখার জোর দাবি জানান কুয়েত প্রবাসীরা।

প্রস্তাবিত বাজেটকে স্বাগত জানালেও মোবাইলের ওপর শুল্ক আরোপ করায় তীব্র প্রতিবাদ জানান তারা। বৃহৎ প্রবাসী জনগোষ্ঠীর স্বার্থে শুল্ক ছাড়া মোবাইল ও রেমিট্যান্সে প্রণোদনা বাড়িয়ে দ্বিগুণ করার দাবি এসব প্রবাসীদের।

নাম প্রকাশে অনিচ্ছুক এক কমিউনিটি নেতা বলেন, এই বাজেট প্রবাস বান্ধব হয়নি। আমরা আমাদের পরিবার বা আত্মীয়-স্বজনের জন্য দুই চারটা মোবাইল নিয়ে যাওয়া লাগে। প্রবাসীদের বলা হচ্ছে রেমিট্যান্সযোদ্ধা অথচ তার কিছুই এই বাজেটে রাখা হয় নাই। আমরা প্রবাসীরা প্রধানমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি আমাদের জন্য আলাদা প্রবাসী কার্ড করার জন্য। মুক্তিযোদ্ধাদের এত মূল্যায়ন করা হলেও আমাদের সেই মূল্যায়ন নেই।

কুয়েত প্রবাসী জায়েদুর রহমান বলেন, মুক্তিযোদ্ধারা জাতির শ্রেষ্ঠ সন্তান, তাদের পরে আমরা রেমিট্যান্সযোদ্ধারা জাতির শ্রেষ্ঠ সন্তান। আমাদের যদি সুযোগ-সুবিধা না দেওয়া হয় তাহলে তো প্রবাসীরা অনুৎসাহিত হবে। কথা ছিল আমাদের রেমিট্যান্সে প্রণোদনা দেবে ৫ শতাংশ কিন্তু সেটা আর কার্যকর হয় নাই। সরকারের উচিত প্রবাসীদের নিয়ে ভাবা। কারণ প্রবাসীরা বাঁচলে বাংলাদেশের অর্থনীতি বাঁচবে।




## আয়োজিত হলো ইওর ড্রিম হোম কেয়ারের

৪ পৃষ্ঠার পর

ট্রফি ও ক্রেস্ট প্রদান করা হয়। এছাড়া খেলায় বিভিন্নভাবে অবদান রাখায় পুরস্কার দেওয়া হয়।

আরো উপস্থিত ছিলেন বিয়ানীবাজার সমিতির সভাপতি আব্দুল মান্নান, বাংলদেশ সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক আব্দুর রহমান সেলিম, স্পোর্টস কাউন্সিলের দপ্তর সম্পাদক হাসান সোহাগ প্রমুখ।

সাপ্তাহিক দেশকাল
deshkalus.com
বাংলা ভাষায় পুরো বিশ্ব

মঙ্গলবার
জুন ২৫, ২০২৪
বর্ষ: ১, সংখ্যা: ৩

# যুক্তরাষ্ট্রে বৈধতা পেতে যাচ্ছেন পাঁচ লাখ অভিবাসী!



নির্বাচনকে সামনে রেখে যুক্তরাষ্ট্রে বসবাসরত পাঁচ লাখ অবৈধ অভিবাসীকে বৈধতা দিতে যাচ্ছেন দেশটির প্রেসিডেন্ট জো বাইডেন। যারা কমপক্ষে ১০ বছর ধরে যুক্তরাষ্ট্রে বাস করছেন, তাদের ক্ষেত্রে এই পদক্ষেপ নিতে যাচ্ছে বাইডেন প্রশাসন। এমনটা হলে বৈধভাবে দেশটিতে কাজ করার অনুমতি পাবেন তারা।

অবৈধ অভিবাসীদের বৈধতা অর্জনের লক্ষ্যে আবেদন করার জন্য হোয়াইট হাউস এরই মধ্যে একটি 'প্যারোল ইন প্লেস' পদক্ষেপের কথা বিবেচনা করছে বলে প্রতিবেদনে জানিয়েছে ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসি।

প্রতিবেদন অনুযায়ী, মঙ্গলবার (১৮ জুন) হোয়াইট হাউস ঘোষণা করেছে যে, বাইডেন প্রশাসন আগামী মাসগুলোতে মার্কিন যুক্তরাষ্ট্রে নির্দিষ্ট কিছু দম্পতিকে বৈধতা ছাড়াই স্থায়ী বসবাস এবং এরপর নাগরিকত্বের জন্য আবেদন করার অনুমতি দেবে। মার্কিন প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তাদের মতে, এই সংখ্যা পাঁচ লাখ হতে পারে।

হোয়াইট হাউসের ধারণা, এর মাধ্যমে মার্কিন নাগরিকদের পাঁচ লাখেরও বেশি দম্পতি উপকৃত হবেন। এ ছাড়া ২১ বছরের কম বয়সী ৫০ হাজার যুবকও বৈধতা পাবেন, যাদের বাবা-মায়ের একজন আমেরিকান নাগরিকের সঙ্গে বিবাহিত।

প্রসঙ্গত, যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ওবামা প্রশাসন ২০১২ সালে ডেফার্ড অ্যাকশন ফর চাইল্ডহুড অ্যারাইভাল ঘোষণা করার পর নতুন এই পদক্ষেপকেই মার্কিন যুক্তরাষ্ট্রে অনথিভুক্ত অভিবাসীদের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ ত্রাণ কর্মসূচি বলে বিবেচনা করা হচ্ছে।

ইমিগ্রেশন অ্যাডভোকেসি গ্রুপগুলোর তথ্য অনুসারে, বর্তমানে প্রায় ১১ লাখ দম্পতি মার্কিন যুক্তরাষ্ট্রে অবৈধভাবে বসবাস করছেন। গ্রুপগুলো বলেছে, তাদের মার্কিন নাগরিক করা হলে যুক্তরাষ্ট্রের অর্থনীতিতে ১৬ বিলিয়ন ডলার যোগ হবে।

এদিকে বাইডেনের এমন পরিকল্পনা শেষ পর্যন্ত পাস হবে কিনা তা নিয়ে দ্বিধাও রয়ে গেছে। কারণ এ বছরের শুরুর দিকে সিনেটে উত্থাপিত একটি পৃথক দ্বিদলীয় বিল প্রশাসনের সমর্থন অর্জন করেছিল। কিন্তু রিপাবলিকানদের কারণে তা পাস করা সম্ভব হয়নি।

# আয়োজিত হলো ইওর ড্রিম হোম কেয়ারের সৌজন্যে ফুটবল টুর্নামেন্ট




যুক্তরাষ্ট্রের নিউ ইয়র্কে হয়ে গেল ইউর ড্রিম হোম কেয়ারের সৌজন্যে ফুটবল টুর্নামেন্ট।

এক সংবাদ বিজ্ঞপ্তিতে সংগঠনটি জানায়, নিউ ইয়র্কের ওজোনপার্কে 'ভিলেজ কাপ-২০২৪' নামে টুর্নামেন্টের আয়োজন করে বিয়ানীবাজার স্পোর্টিং ক্লাব ইউএসএ।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ফুটবল ম্যাচের গ্র্যান্ড স্পন্সর ইওর ড্রিম হোম কেয়ার বাংলাদেশি কমিউনিটির বিভিন্ন অনুষ্ঠান ও সামাজিক কার্যক্রমে সহযোগিতা করে থাকে।

ফুটবল ম্যাচটি উপভোগ করতে নিউইয়র্কের বিভিন্ন দূরদূরান্ত থেকে প্রবাসীরা ছুটে আসেন। এতে উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির প্রেসিডেন্ট ও ইওর ড্রিম হোম কেয়ারের কর্ণধার এম এ আজিজ। আরও ছিলেন ব্যবসায়ী আনোয়ারুল আজিম সেলিম, কমিউনিটির বিভিন্ন সম্মানিত ব্যক্তি, বাংলাদেশ সোসাইটির নেতৃবৃন্দ, ব্যবসায়ী ও প্রবাসীরা।

বিজয়ী ছোট দেশ দলকে পৃষ্ঠা ৩ কলাম ১



# নিউ ইয়র্কে চার গুণী ব্যক্তিকে ছড়াটের সম্মাননা

নিউ ইয়র্কে চারজন গুণীব্যক্তিকে সম্মাননা জানিয়েছে ছড়া সংগঠন ছড়াটে।

নিউ ইয়র্কের কুইন্সের এক পার্টি হলে ছড়াটে চার গুণীব্যক্তিকে সম্মাননার আয়োজন করে।

একুশে পদকপ্রাপ্ত ছড়াকার লুৎফর রহমান রিটন, কবি-ছড়াকার-শিশুসাহিত্যিক সৈয়দ আল ফারুক, কবি-ছড়াকার-শিশুসাহিত্যিক ওমর কায়সার এবং কবি-ছড়াকার ও টিভি ব্যক্তিত্ব জিন্নাহ চৌধুরীকে এই সম্মাননা প্রদান করা হয়।

ছড়াটের কর্ণধার শাম্স চৌধুরী রুশোর পরিচালনায় অনুষ্ঠিত আয়োজনে একুশে পদকপ্রাপ্ত লেখক-সাংবাদিক নাজমুন নেসা পিয়ারি অতিথিদের ফুল দিয়ে বরণ করে নেন। উত্তরীয় পরিয়ে দেন এবং সম্মাননা স্মারক হাতে তুলে দেন যথাক্রমে লেখক-সাংবাদিক নাজমুন নেসা পিয়ারি, ছড়াকার সজল আশফাক, ছড়াকার মানিক রহমান ও ছড়াকার শাহীন ইবনে দিলওয়ার।




# আমেরিকায় অনুষ্ঠিত হতে যাচ্ছে 'আমেরিকান কারি অ্যাওয়ার্ড ২০২৪'

আমেরিকায় অনুষ্ঠিত হতে যাচ্ছে 'আমেরিকান কারি অ্যাওয়ার্ড ২০২৪'। আমেরিকার নিউ ইয়র্কের কুইন্সের 'টেরেস অন দ্য পার্ক'-এ বসবে 'আমেরিকান কারি অ্যাওয়ার্ড' এর আসর অনুষ্ঠিত হবে।

বিশ্বখ্যাত মাস্টার শেফ এবং কালিনারি বিশেষজ্ঞদের নেতৃত্বে গঠিত সাত সদস্যের জুরি বোর্ড এই আয়োজনের বিচারক হিসেবে দায়িত্ব পালন করবেন।

অনুষ্ঠানে ৬ ক্যাটাগরিতে পুরস্কৃত করা হবে। ক্যাটাগরিগুলো হলো- ১. লাইফটাইম এচিভমেন্ট অ্যাওয়ার্ড ২. রেস্টুরেন্ট অব দ্য ইয়ার ৩. এক্সিকিউটিভ শেফ অব দ্য ইয়ার ৪. শেফ অব দ্য ইয়ার ৫. ফুড সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট কোম্পানি অব দ্য ইয়ার ৬. হোম কুক অব দ্য ইয়ার।

আয়োজনে নিউইয়র্কের মেয়রসহ মার্কিন যুক্তরাষ্ট্রের সিনেটের থেকে শুরু করে নানা সেক্টরের বিশিষ্ট ব্যক্তিরা অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

'আমেরিকান কারি অ্যাওয়ার্ড' আয়োজনের পেছনে যারা রয়েছেন, তাদের একজন হচ্ছেন, মাস্টার শেফ মো. খলিলুর রহমান। যিনি আমেরিকার জনপ্রিয় খলিল বিরিয়ানি হাউজের প্রতিষ্ঠাতা। কালিনারি শিল্পে অসামান্য অবদানের জন্য যিনি 'ব্রিটিশ কারি অ্যাওয়ার্ড' এবং যুক্তরাষ্ট্র সরকারের অন্যতম সম্মানজনক পুরস্কার 'প্রেসিডেন্সিয়াল লাইফ টাইম অ্যাওয়ার্ড' অর্জন করেছেন।

আরেকজন হচ্ছেন, এনামুল হক এনাম। তিনি যুক্তরাষ্ট্র থেকে প্রকাশিত 'বিজনেস আমেরিকা ম্যাগাজিন' এবং বাংলাদেশ থেকে প্রকাশিত অন্যতম শীর্ষ বিজনেস ম্যাগাজিন 'অর্থকণ্ঠ'-এর প্রতিষ্ঠাতা। তিনি প্রবাসী বাংলাদেশিদের দুটি অন্যতম প্ল্যাটফর্ম 'এনআরবি ওয়ার্ল্ড' এবং গ্লোবাল এনআরবি চেম্বারের অন্যতম প্রধান উদ্যোক্তা। এছাড়াও তিনি নিয়মিতভাবে আন্তর্জাতিক অঙ্গনে ব্যবসায়ীদের অংশগ্রহণে বিভিন্ন ব্যবসায়ীদের সম্পর্ক উন্নয়নের মাধ্যমে ব্যবসা সম্প্রসারণের লক্ষ্যে নানা অনুষ্ঠানের আয়োজন করেন।

'আমেরিকান কারি অ্যাওয়ার্ড' সব দেশের অংশগ্রহণকারীদের জন্য উন্মুক্ত থাকবে। পৃথিবীর যে কোনো দেশের উপরোক্ত ক্যাটাগরির প্রতিযোগীরা এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন।

প্রতিযোগিতায় অংশগ্রহণে আগ্রহীদের 'আমেরিকান কারি অ্যাওয়ার্ড ২০২৪' এর ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে রেজিস্ট্রেশন করতে হবে।

**সম্পাদক:** হোসনেয়ারা চৌধুরী, **নির্বাহী সম্পাদক:** মুবিন খান, **প্রকাশক ও প্রেসিডেন্ট:** শাহ্ জে. চৌধুরী, **শিল্প নির্দেশনা:** আবদুল্লাহ আল নোমান
রূপসী বাংলা এন্টারটেইনমেন্ট নেটওয়ার্ক কর্তৃক ৭০-৫২ ব্রডওয়ে ১এ, জ্যাকসন হেইটস্, নিউ ইয়র্ক ১১৩৭২, যুক্তরাষ্ট্র থেকে প্রকাশিত।
ফোন: + (২১২) ২০৩-২১৫৯, Email: deshkaalus@gmail.com, www.deshkalus.com